৫৬

দৈনিক জনকণ্ঠ

তারিখ ২০ FEB 1997
পৃষ্ঠা ১৫ কলাম ৫

# শেরপুর কলেজে ছাত্রলীগ-ছাত্রদল সংঘর্ষ ভাংচুর সড়ক অবরোধ ॥ আহত ৮

**স্টাফ রিপোর্টার, বগুড়া অফিস** ॥ বগুড়ার শেরপুর ডিগ্রী কলেজে বুধবার দিনভর ছাত্রদল ও ছাত্রলীগের মধ্যে ব্যাপক সংঘর্ষ, ধাওয়া, পাল্টাধাওয়া, ককটেল বিস্ফোরণ ও ভাংচুরের ঘটনা ঘটেছে। এসব ঘটনায় উভয় পক্ষের ৮ জন নেতাকর্মী আহত হয়। এদের মধ্যে ছাত্রলীগের ১ জন কর্মীর অবস্থা আশঙ্কাজনক। সংঘর্ষের পর একজন ইউপি সদস্যের বাড়ি ও ভিডিও দোকান ভাংচুর হয়। দুপুরে প্রায় এক ঘণ্টা মহাসড়ক অবরোধ করা হয়। শেরপুর কলেজ ও আশপাশের এলাকায় উত্তেজনা বিরাজ করছে।

জানা গেছে, মঙ্গলবার কলেজের একজন প্রভাষক লাঞ্ছিত হওয়া ও এইচএসসি পরীক্ষার ফরম পূরণের ঘটনাকে কেন্দ্র করে এই সংঘর্ষ ঘটে। বুধবার সকালে ছাত্রলীগ ও ছাত্রদল মিছিল করার সময় সংঘর্ষ শুরু হয়। ককটেল বিস্ফোরণ, ধাওয়া-পাল্টাধাওয়ায় আহত হয় ছাত্রলীগের কর্মী হারুনুর রশীদ, আরিফুর রহমান, সুলতান, শরীফ, মাহমুদ ও ছাত্রদলের বাপ্পী, রাজা ও মামুন। এদের মধ্যে ছাত্রলীগকর্মী আরিফুর রহমানের অবস্থা সঙ্কটাপন্ন। এ ঘটনার পর কুসুম্বি ইউনিয়নের সদস্য আব্দুল মজিদের বাড়ি ভাংচুর হয় ও তার বাড়ি থেকে একটি বন্দুক ছিনতাই হয়। পরে এক ব্যক্তি একটি বন্দুক থানায় জমা দেয়। বিকালে শেরপুরে একটি ভিডিও দোকান ভাংচুর হয়। দুপুরে কলেজের কিছু ছাত্র কম ফীতে এইচএসসি পরীক্ষার ফরম পূরণের দাবিতে প্রায় ১ ঘণ্টা মহাসড়ক অবরোধ করে রাখে। এসব ঘটনায় উভয় পক্ষ থেকে শেরপুর থানায় ৩টি মামলা দায়ের হয়েছে।